

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বরাষ্ট্র মন্ত্রণালয়  
বহিরাগমন শাখা-২

নং-স্বঃ মঃ (বহি-২)/১পি-৭/২০০৬/১৪৩৪,

তারিখ : ১৯ আগষ্ট ২০০৭।

বিষয়: বিনা ভিসায় আগতদের Visa on arrival/landing permit প্রদান প্রসঙ্গে।

- সূত্রঃ ১) স্বঃ মঃ (বহি-২)/১পি-৭/২০০৬/২৮৮১, তারিখ ১৯ অক্টোবর ২০০৬  
২) স্বঃ মঃ (বহি-২)/১পি-৭/২০০৬/৫০৬, তারিখ ৪ এপ্রিল ২০০৭

উপর্যুক্ত সূত্রদ্বয়ে বর্ণিত বিষয়ে জারীকৃত পরিপত্র নিম্নরূপ সংশোধন, সংযোজন ও পরিবর্তন করা হ'ল :

- ২। বাংলাদেশে বিদেশী পুঁজি ও প্রযুক্তি আকৃষ্টকরণ, ব্যবসা-বাণিজ্যের প্রসার ও পর্যটন শিল্পের বিকাশের লক্ষ্যে বিদেশীদের এবং বাংলাদেশী বংশোদ্ভূতদের এদেশে আগমন ও অবস্থান সহজতর করার নিমিত্তে সরকার Visa on arrival/landing permit প্রদানের সিদ্ধান্ত গ্রহণ করেছে। Visa restricted দেশ ব্যতীত অন্যান্য দেশ হতে আগতদের জিয়া আন্তর্জাতিক বিমানবন্দরে ইমিগ্রেশন কর্তৃপক্ষ প্রয়োজনীয় কাগজপত্র পরীক্ষান্তে নিম্নোক্ত শ্রেণীর পাসপোর্টধারীদের বর্ণিত শর্তে সম্পূর্ণ সন্তুষ্ট হয়ে বহু ভ্রমণ সুবিধা ব্যতীত সর্বোচ্চ ৩০ (ত্রিশ) দিনের প্রবেশ ভিসা প্রদান করতে পারবেঃ
- ক) যে সকল দেশে বাংলাদেশ দূতাবাস নেই, শুধুমাত্র সে সকল দেশ হতে আগত নাগরিকের ভ্রমণের উপযুক্ততা যাচাই অস্তে Visa on arrival/landing permit প্রদান করা যেতে পারে। তবে Visa restricted দেশের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি প্রয়োজন হবে।
- খ) কোন বিদেশী তার নিজ দেশ ব্যতীত অন্য কোন দেশ, যেখানে বাংলাদেশ দূতাবাস নেই, সে দেশ হতে বাংলাদেশে আগমন করলে ভ্রমণের উপযুক্ততা যাচাই করে তাকে Visa on arrival/landing permit প্রদান করা যেতে পারে।
- গ) যে কোনো দেশের বিনিয়োগকারী/ব্যবসায়ীদের ক্ষেত্রে আমন্ত্রণকারী প্রতিষ্ঠানের আমন্ত্রনপত্র এবং বিনিয়োগ বোর্ড/বেপজার প্রত্যয়ণ পত্রের (প্রযোজ্য ক্ষেত্রে) ভিত্তিতে Visa on arrival/landing permit প্রদান করা যেতে পারে। তবে, আমন্ত্রণকারী প্রতিষ্ঠানের বিদেশী ব্যক্তির আগমনের বিষয়টি স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং ইমিগ্রেশন কর্তৃপক্ষকে পূর্বেই অবহিত করতে হবে।
- ঘ) যে সকল দেশে দূতাবাস/মিশন নেই তাইওয়ানসহ এরূপ দেশ থেকে আগত বিনিয়োগকারী ও তাদের নির্ভরশীল পরিবারের সদস্যদের বিমানবন্দরে PI/FPI শ্রেণীতে ৩ (তিন) মাসের বহুভ্রমণসহ আগমনী ভিসা Visa on arrival VOA প্রদান করবে। উক্ত ব্যক্তিকে বাংলাদেশে আগমনের ৩ (তিন) মাসের মধ্যে সংশ্লিষ্ট সংস্থা হতে কার্যানুমতি ও নিরাপত্তা ছাড়পত্র সংগ্রহ করতে হবে।

- ঙ) বাংলাদেশী বংশোদ্ভূত বিদেশী নাগরিক, তাদের স্বামী/স্ত্রী ও সন্তানদের ক্ষেত্রে সংশ্লিষ্ট বাংলাদেশী বংশোদ্ভূতের বাংলাদেশী নাগরিকত্ব সনদ/প্রমাণপত্রের ভিত্তিতে Visa on arrival/landing permit প্রদান করা যেতে পারে।
- চ) বাংলাদেশে অবস্থিত বিদেশী দূতাবাস, জাতিসংঘ ও তাদের অংগ সংগঠনের কর্মকর্তা/কর্মচারীদের নিয়োগ/আগমন সংক্রান্ত কাগজপত্রাদি পরীক্ষাস্তে Visa on arrival/landing permit প্রদান করা যেতে পারে।
- ০৩। Transit visa on arrival: “Next Connecting Flight” পাওয়ার জন্য সংশ্লিষ্ট যাত্রী বহনকারী এয়ারলাইন্স এর অনুরোধে ইমিগ্রেশন কর্তৃপক্ষ সর্বোচ্চ ৭ (সাত) দিন পর্যন্ত Transit visa on arrival দিতে পারবে। এ জন্য সার্ভিস চার্জ হিসেবে মাথাপিছু ২০ (বিশ) ডলার নির্ধারিত ব্যাংকে ও নির্ধারিত হিসেবে জমা দিতে হবে।
- ০৪। Visa on arrival/landing permit প্রদানের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করতে হবেঃ
- ক) বৈদেশিক মুদ্রায় (ডলার/পাউন্ড/ইউরো) ভিসা ফি প্রদান করতে হবে।
- খ) সরকারী কাজ ব্যতীত অন্যান্য ক্ষেত্রে আগত বিদেশীর নিকট ন্যূনতম ৫০০ (পাঁচশত) মার্কিন ডলার/সমপরিমাণ বৈদেশিক মুদ্রা নগদ/ক্রেডিটকার্ডে থাকতে হবে।
- গ) দীর্ঘ মেয়াদে আগমনকারী ব্যতীত অন্যান্য আগমনকারীর নিকট ফিরতি বিমান টিকেট থাকতে হবে।
- ঘ) আগমনের স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্র থাকতে হবে
- ঙ) যেসব দেশের ক্ষেত্রে ভিসা ফি প্রযোজ্য নয় সেসব দেশের পাসপোর্টধারীদের ক্ষেত্রে Visa on arrival/landing permit এর জন্য ফি প্রযোজ্য হবে না।
- চ) বিমান বন্দরের ইমিগ্রেশন কর্তৃপক্ষ Visa on arrival/landing permit এ আগত বিদেশীদের পূর্ণাঙ্গ তথ্য সংরক্ষণ করতে হবে এবং এ সংক্রান্তে একটি মাসিক বিবরণী স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরে প্রেরণ করতে হবে।
- ০৫। আগমনের উদ্দেশ্যে নিশ্চিত হয়ে Visa on arrival/landing permit প্রদান করতে হবে। তবে বিদেশী সামরিক ও নিরাপত্তা বাহিনীর সদস্যদের বাংলাদেশে আগমনের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে।
- ০৬। Visa on arrival/landing permit এ আগত বিদেশীদের ভিসার মেয়াদ বৃদ্ধির ক্ষেত্রে ভিসা নীতিমালা অনুসরণ করতে হবে।
- ০৭। Visa on arrival/landing permit প্রাপ্তদের পাসপোর্টে বিমানবন্দরে কর্তব্যরত ইমিগ্রেশন কর্তৃপক্ষ যথানিয়মে আগমন ও প্রস্থান সীল প্রদান করবে।

- ০৮। এই পরিপত্র কার্যকর হওয়ার সাথে সাথে Visa on arrival/landing permit প্রদান সংক্রান্ত  
জারীকৃত পূর্বের সকল পরিপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৯। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

(শেখ আব্দুর রউফ )  
উপসচিব  
(বহিরাগমন)